# সিলেটে এনসিপির গাড়িবহরে হামলার অভিযোগ




ছবি: সংগৃহীত

সিলেটের গোলাপগঞ্জ উপজেলায় জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নেতাদের গাড়িবহরে হামলার অভিযোগ উঠেছে।

বৃহস্পতিবার (৩০ জুলাই) দুপুর আড়াইটার দিকে উপজেলার চৌমুহনী পৌরসভা গেটসংলগ্ন সড়কে তাদের বহর লক্ষ্য করে ইট ও বোতল নিক্ষেপ করা হয়। হবিগঞ্জে ‘জুলাই পদযাত্রা’ কর্মসূচিতে হামলার ঘটনার পরদিনই সিলেটে এ ঘটনা ঘটল।

এর আগে ‘জুলাই পদযাত্রা’ কর্মসূচির অংশ হিসেবে গোলাপগঞ্জ উপজেলা অডিটোরিয়ামে জুলাই আন্দোলনে নিহতদের পরিবারের সদস্যদের সঙ্গে মতবিনিময় সভায় অংশ নেন এনসিপির নেতারা। সভা শেষে তারা বের হলে গাড়িবহরের ওপর হামলার ঘটনা ঘটে।

হামলায় এনসিপির উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলমকে বহনকারী গাড়ির পেছনের কাচ ভেঙে যায়। প্রত্যক্ষদর্শীদের দাবি, হামলার সময় ঘটনাস্থলে ‘ভুয়া, ভুয়া’ স্লোগানও দেওয়া হয়।

এ ঘটনার জন্য বিএনপির নেতাকর্মীদের দায়ী করেছেন এনসিপির নেতারা। তবে হামলায় কেউ আহত হয়েছেন কি না, তাৎক্ষণিকভাবে তা নিশ্চিত হওয়া যায়নি।

LENS ASIA